"মুজিববর্ষের আহবান
দক্ষ হয়ে বিদেশ যান"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
প্রশাসন শাখা
www.probashi.gov.bd

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের লক্ষ্যে চূড়ান্ত প্রস্তুতিমূলক ভার্চুয়াল সভার কার্যবিবরণী:

সভাপতি	: ড. আহমেদ মুনিরুছ সালেহীন সচিব প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
সভার তারিখ ও সময়	: ০৬ আগস্ট ২০২০ খ্রি: বেলা ১২:০০ ঘটিকা
সভার স্থান	: ভার্চুয়াল প্লাটফর্ম

০২। সভার সূচনালগ্নে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। প্রারম্ভিক বক্তব্যে তিনি হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে যথাযোগ্য মর্যাদায় ও ভাবগাম্ভীর্যের সাথে জাতীয় শোক দিবস পালনের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানান। অতপর সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন) জনাব মনির হোসেন চৌধুরী জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের উদ্দেশ্যে মন্ত্রিপরিষদ বিভাগের কর্মসূচির আলোকে পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্তের ধারাবাহিকতায় মন্ত্রণালয়ের মাসব্যাপী কর্মসূচি পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন। সভায় মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার প্রতিনিধিগণ আলোচনায় অংশগ্রহণ করেন। বিস্তারিত আলোচনা শেষে গৃহীত কর্মসূচিসমূহ নিম্নরূপভাবে পালনের সিদ্ধান্ত হয়ঃ

সিদ্ধান্তসমূহ:

১. মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার প্রত্যেক কর্মকর্তা/কর্মচারী আগামী ৩১ আগস্ট পর্যন্ত কালো ব্যাজ ধারণ করবেন।

২. প্রস্তুতকৃত ড্রপ ব্যানারটি মন্ত্রণালয়ের সম্মুখভাগের দৃষ্টিনন্দন স্থানে স্থাপন করতে হবে। এছাড়া বিএমইটি, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এবং বোয়েসেল থেকেও জাতীয় শোক দিবসের গুরুত্ব তুলে ধরে ব্যাপক প্রচারণার ব্যবস্থা নিতে হবে।

৩. ১৫ আগস্ট সকাল ৬টা থেকে মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের অধিনস্থ দপ্তর/সংস্থাসমূহে জাতীয় পতাকা অর্ধ-নমিত রাখা হবে। এ লক্ষ্যে প্রবাসী কল্যাণ ভবনের ভবন মালিক হিসেবে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে এবং বিএমইটিসহ মাঠ পর্যায়ের অফিসগুলোও যথাসময়ে জাতীয় পতাকা অর্ধ-নমিত রাখার ব্যবস্থা গ্রহণ করবে।

৪. ১৫ আগস্ট সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে ধানমন্ডি ৩২ এ অবস্থিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে কেন্দ্রীয়ভাবে ঘোষিত সময়সূচি অনুযায়ী ব্যানারসহ পুষ্পস্তবক প্রস্তুত রাখার জন্য সেবা শাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। পুষ্পস্তবক অর্পনের সময়সূচি ও উপস্থিতির সংখ্যা মন্ত্রিপরিষদ বিভাগ থেকে নির্দেশনা পাওয়া মাত্র তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্টদের জানিয়ে দেয়া হবে।

৫. জাতির পিতার বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে দোয়া আয়োজনের জন্য সেবা শাখা একজন উপযুক্ত মাওলানার উপস্থিতি নিশ্চিত করবে। দোয়া শেষে Zoom অ্যাপস ব্যবহার করে বঙ্গবন্ধুর বর্ণাঢ্য জীবনের উপর আলোচনা অনুষ্ঠিত হবে (সভায় অনুমোদিত অনুষ্ঠানসূচি সংযুক্ত)।

৬. মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী সামাজিক দূরত্ব নিশ্চিত করে এবং স্বাস্থ্যবিধি অনুসরণ করে ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহারের মাধ্যমে সকল কর্মসূচি পালন করা হবে।

৭. জেলা ও উপজেলা পর্যায়ে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়াধীন কর্মকর্তা/কর্মচারীদের স্থানীয় জেলা ও উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় করে জাতীয় শোক দিবসের কর্মসূচিসমূহ যথাযোগ্য মর্যাদায় পালনের বিষয়ে মহাপরিচালক, বিএমইটি সার্বক্ষনিক নির্দেশনা প্রদান করবেন।

৮. বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী, কারাগারের রোজনামচা, সিক্রেট ডকুমেন্ট অব ইন্টেলিজেন্স ব্রাঞ্চ অন ফাদার অব দি নেশন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, আমার দেখা নয়া চীনসহ বঙ্গবন্ধুর উপর লিখিত গ্রন্থসমূহ মন্ত্রণালয়ের সংগ্রহে রেখে বিভিন্ন দেশী-বিদেশী অতিথিদের উপহার হিসেবে প্রদান করার বিষয়ে কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

৯. বিদেশস্থ শ্রম উইংসমূহ কর্তৃক জাতীয় শোক দিবসের কর্মসূচি যথাযথভাবে পালনের বিষয়ে মিশন ও কল্যাণ অনুবিভাগ প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে।

০৩। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় গৃহীত কর্মসূচিসমূহ যথাযথভাবে বাস্তবায়নের আশাবাদ ব্যক্ত করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০৯.০৮.২০২০
(ড. আহমেদ মুনিরুছ সালেহীন)
সচিব

স্মারক নং- ৪৯.০০.০০০০.০১৫.৩৩.০০৬.১৯- ৫৮২

তারিখ- ০৯/০৮/২০২০খ্রি.

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১ অতিরিক্ত সচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
২ মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ঢাকা।
৩ মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৪ ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল, ঢাকা।
৫ ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক, ঢাকা।
৬ যুগ্মসচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
৭ মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় [মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য]।
৮ উপসচিব (সকল)/উপপ্রধান, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
৯ সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]।
১০ সিনিয়র সহকারী সচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
১১ সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
১২ সহকারী সচিব (সকল)/হিসাব রক্ষণ কর্মকর্তা/সহকারী প্রোগ্রামার, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
১৩ অফিস কপি।

০৯.০৮.২০২০
(মনির হোসেন চৌধুরী)
উপসচিব